# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**22 February 2026** **7:45 PM IST**

=====================================================================

(১) ভবিষ্যতের পৃথিবীতে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগের নীতি নির্ধারণের ক্ষেত্রে ভারত কৃত্রিম বুদ্ধিমত্তা প্রভাব শীর্ষ সম্মেলন অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে প্রধানমন্ত্রীর মন কী বাতে প্রকাশ ।

(২) বৃন্দাবনী বস্ত্র প্রদর্শনের জন্য গৌহাটীর খানাপারায় নির্মীয়মান সাংস্কৃতিক সংগ্রহালয় প্রকল্পের আজ ভিত্তিপ্রস্তর স্থাপন ।

(৩) রাজ্যের স্বাস্থ্য সেবা খন্ডের উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে আজ ৮২ টি নতুন ১০৮ মৃত্যুঞ্জয় এম্বুলেন্স সেবার আরম্ভ ।

এবং

(৪) আগরতলা -দেওঘর সাপ্তাহিক এক্সপ্রেস ট্রেন থেকে ৫৮৪ গ্রাম ওজনের ৫ টি সোনার বিস্কিট উদ্ধার ।

---

ভবিষ্যৎ পৃথিবীতে কৃত্রিম বুদ্ধিমত্তার শক্তি কিভাবে প্রয়োগ করা হবে সে বিষয়ে নীতি নির্ধারণ করার ক্ষেত্রে 'ভারত কৃত্রিম বুদ্ধিমত্তা প্রভাব' শীর্ষ সম্মেলন অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত হয়েছে । আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যক্ত করে প্রধানমন্ত্রী নরেন্দ্র আজ একথা বলেন । শ্রী মোদী নতুনদিল্লীর ভারত মন্ডপমে আয়োজিত এই শীর্ষ সম্মেলনে বিভিন্ন দেশের নেতা সহ শিল্পপতি উদ্ভাবক , এবং ষ্টার্টআপ ক্ষেত্রের সঙ্গে জড়িত ব্যক্তিদের সমবেত হওয়ার বিষয়টির ওপর আলোকপাত করেন । এই বিশেষ অনুষ্ঠানটির মাধ্যমে বিশ্বের বিভিন্ন দেশের নেতা ,এবং প্রযুক্তি ক্ষেত্রের মুখ্য কার্যবাহী আধিকারীকরা পরস্পরের সঙ্গে মত বিনিময় করার সুযোগ লাভ করেছেন বলে শ্রী মোদী জানান ।

মন কী বাতের এই পর্বে বহু নিরিহ মানুষ ডিজিট্যাল এরেষ্ট এবং আর্থিক জালিয়াতির শিকার হচ্ছেন বলে প্রধানমন্ত্রী আবারও উল্লেখ করেন ।তিনি বলেন যে এই বিষয়ে সমাজে যথেষ্ট সচেতনতা সৃষ্টি হলেও আমাদের আরও সতর্ক হতে হবে ।বেংক থেকে যখন কে ওয়াই সি বা নিজের গ্রাহককে জানুন কর্মসূচীর সূচনা করা হয় তখন সবাইকে সহযোগিতা করার আহ্বান জানান তিনি ।

--বাইট--

সমগ্র দেশে অঙ্গদান নিয়ে সচেতনতা বৃদ্ধি পাওয়ায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন । তিনি দেশের বিভিন্ন প্রান্তের অঙ্গদানের কিছু ঘটনার কথা তুলে ধরে এই প্রসঙ্গে তিনি কেরালার ১০ মাসের শিশু আলিম সেরিম আব্রাহামের মৃত্যুর পর তার শোকস্তব্ধ বাবা মায়ের ওই

ছোট শিশুর অঙ্গদান করার সিদ্ধান্তের কথা উল্লেখ করে বলেন যে এ এক যুগান্তকারী ঘটনা ।

পরীক্ষার মরশুমে তিনি সব ছাত্রছাত্রীদের চাপমুক্তভাবে পরীক্ষা দেবার পরামর্শ দেন ।

পবিত্র রমজান মাস এবং হোলী উপলক্ষে প্রধানমন্ত্রী সবাইকে অভিনন্দন জানানো সহ জনসাধারণ নিজ নিজ পরিবারের লোকেদের সঙ্গে আনন্দ উৎসাহে এই উৎসব পালন করবে বলে আশা প্রকাশ করেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানের ১৩১তম পর্ব আজ হাইলাকান্দি শহরের আশ্রম রোডের সংস্কৃত বিদ্যালয়ে সমবেতভাবে শোনা হয়েছে ।

এদিকে শ্রীভূমি জেলা বিজেপির সভাপতি সঞ্জীব বণিক সহ দলের কর্মকর্তারা আজ উত্তর শ্রীভূমি বিধানসভা আসনের শ্রীভূমি শহর মন্ডলের অধীন ৫ নম্বর ওয়ার্ডের ২৪৭ নম্বর বুথে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শুনেছেন ।

---

মহাপুরুষ শ্রীমন্ত শঙ্করদেবের অমূল্য সৃষ্টি বৃন্দাবনী বস্ত্র আসামে প্রদর্শনের জন্য গুয়াহাটীর খানাপারায় আজ সাংস্কৃতিক সংগ্রহালয় প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করা হয় ।সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে খানাপারার জ্যোতি বিষ্ণু আন্তর্জাতিক কলা মন্দিরে আজ মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে বলেন যে অসমীয়া জাতির স্বাভিমানের প্রতীক বৃন্দাবনী বস্ত্র আসামে ফিরিয়ে আনা রাজ্য সরকারের এক ঐতিহাসিক পদক্ষেপ ।১৮ মাসের মধ্যে সংগ্রহালয়টির নির্মাণকার্য সম্পূর্ণ হওয়ার পর ব্রিটিশ সংগ্রহালয় কর্তৃপক্ষ তা পরিদর্শন করবে এবং এরপর বৃন্দাবনী বস্ত্র আসামে আনা যাবে বলে মুখ্যমন্ত্রী জানান ।অনুষ্ঠানে সংস্কৃতি মন্ত্রী বিমল বরা , ব্রিটিশ সংগ্রহালায়ের দক্ষিণ ও দক্ষিণ পূর্ব এশিয়া শাখার প্রাক্তন প্রধান টি রিচার্ড ব্লার্টন প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

আগামী মঙ্গলবার নতুন দিল্লীতে নির্বাচন কমিশন এবং রাজ্য নির্বাচন কমিশনারদের এক জাতীয় সম্মেলনের আয়োজন করা হয়েছে । মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এই সম্মেলনে পৌরহিত্য করবেন বলে নির্বাচন কমিশন এক বিবৃতিতে জানিয়েছে । এই সম্মেলনে রাজ্য নির্বাচন আধিকারিকগণ সহ প্রতিটি রাজ্য ও কেন্দ্রীয়শাসিত অঞ্চলের আইনী ও প্রযুক্তিগত বিশেষজ্ঞরা অংশগ্রহণ করবেন । নির্বাচন কমিশন ও রাজ্য নির্বাচন আধিকারিকদের নির্বাচন প্রক্রিয়াকে উপযুক্ত সম্মান প্রদর্শনের মাধ্যমে নিজ নিজ আইনী কাঠামোর মধ্যে সহযোগীতা প্রদান করাই এই সম্মেলনের মূল উদ্দেশ্য । কমিশনের তথ্য অনুসারে  সারাদিনব্যাপী এই সম্মেলনে ই ভি এম ও ভোটার তালিকা , প্রযুক্তিগত বিনিময় ইত্যাদি সম্পর্কে আলোচনা করা সহ নির্বাচনী প্রক্রিয়াকে শক্তিশালী করে তোলার বিষয়ে আলোচনা করা হবে ।

---

আসাম প্রদেশ কংগ্রেস প্রাক্তন সভাপতি ভূপেন বরা আজ গৌহাটীতে আয়োজিত এক অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে বিজেপিতে যোগদান করেন । এই অনুষ্ঠানে রাজ্যের মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ও রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকিয়াও উপস্থিত ছিলেন ।
তিন দশকেরও অধিক সময় ধরে ভারতীয় জাতীয় কংগ্রেসের সঙ্গে জড়িত থাকা আসামের প্রবীণ রাজনৈতিক নেতা ভূপেন কুমার বরা সম্প্রতি কংগ্রেস দল ত্যাগ করেছিলেন ।

---

রাজ্যের স্বাস্থ্য সেবা খন্ডের উন্নয়নের দিকে আরো একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে আজ ৮২ টি নতুন ১০৮ মৃত্যুঞ্জয় এম্বুলেন্স সেবা আরম্ভ করা হয়েছে । ২৯ কোটি টাকা ব্যয়ে  আজ গৌহাটী মেডিকেল কলেজ হাসপাতালের প্রেক্ষাগৃহে স্বাস্থ্যমন্ত্রী অশোক সিংহল এই সেবার শুভারম্ভ করেন । এই নতুন সংযোজনের মাধ্যমে ৪২ টি অত্যাধুনিক জীবনদায়ী এম্বুলেন্স এবং ৪০ টি অত্যাবশকীয় জীবনদায়ী এম্বুলেন্সের সেবা আরম্ভ করা হয়েছে । অনুষ্ঠানে ভাষণপ্রসঙ্গে শ্রী সিংহল বলেন যে বিগত ১০ বছরে সড়ক পরিকাঠামো উন্নত হবার ফলে এম্বুলেন্স সেবা কম সময়ে লাভ করার সুবিধা হয়েছে । সম্প্রতি ১৪ মিনিটের মধ্যে এম্বুলেন্স সেবা পাওয়া যাচ্ছে এবং এই সময় ১০ মিনিট পর্যন্ত হ্রাস করার জন্য চেষ্টা চালানো হচ্ছে বলে তিনি উল্লেখ করেন ।  তিনি বলেন যে নতুন হাসপাতাল নির্মাণের ফলে জনসাধারণ সুষ্ঠুভাবে স্বাস্থ্যসেবার সুবিধা লাভ করতে পারছেন । এপর্যন্ত কম করেও ৭১ লক্ষ লোককে ১০৮ এম্বুলেন্স সেবা প্রদান করা হয়েছে বলেও মন্ত্রী জানান ।

---

বদরপুর রেল পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে বদরপুর রেল স্টেশনে অভিযান চালিয়ে পাঁচটি সোনার বিস্কুট উদ্ধার করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে আগরতলা-দেওঘর সাপ্তাহিক এক্সপ্রেস ট্রেনে তল্লাশি চালিয়ে পাঁচশ ৮৪ গ্রাম ওজনের সোনার বিস্কুটগুলি উদ্ধার করা হয় । উদ্ধার করা সোনার বিস্কুটের আনুমানিক বাজার মূল্য প্রায় ৮০ লক্ষ টাকা হবে বলে রেল পুলিশ জানিয়েছে । এই ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে অভিজিৎ দেবনাথ নামের এক যুবককে আটক করা হয়েছে । ধৃত যুবক ত্রিপুরার বাসিন্দা বলে জানা গেছে । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের লামডিং ডিভিশনের অধীন ডিমাপুর রেল স্টেশনকে ফুড সেফটি এন্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া দ্বারা মর্য্যাদাপূর্ন ইট রাইট স্টেশন সার্টিফিকেট প্রদান করা হয়েছে । এই স্বীকৃতি স্টেশনে ফুড স্টল , ক্যাটারিং ইউনিট এবং ফুড হ্যান্ডলারদের বিস্তারিত পর্যবেক্ষণের পর প্রদান করা হয়েছে । এই সার্টিফিকেট রেলের আধিকারীক , স্বাস্থ্য পরিদর্শক , ক্যাটারিং ইউনিট ,অনুমোদিত বিক্রেতা এবং স্টেশন ব্যবস্থাপনা টিমের প্রচেষ্টার  প্রতিফলন যারা পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং খাদ্য সুরক্ষার উচ্চ মান বজায় রাখার জন্য সমন্বয়ে কাজ করছেন ।

---

এস ইউ সি আই (কমিউনিষ্ট ) দলের শ্রীভূমি জেলা কমিটির প্রবীন সদস্য পরিমল চক্রবর্তীর স্মরন সভা আজ শ্রীভূমি শহরের একটি ভবনে অনুষ্ঠিত হয়েছে । দলের জেলা কমিটির সদস্য অরুণাংশু ভট্টাচার্য্যের পৌরহিত্যে আয়োজিত শোকসভায় প্রথমে প্রয়াত চক্রবর্তীর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানানো হয় । এরপর প্রয়াত পরিমল চক্রবর্তীর জীবনের বিভিন্ন দিক

নিয়ে দলের রাজ্য সম্পাদকমন্ডলীর সদস্য সুরৎজ্জামান মন্ডল , সি পি আই(এম) দলের জেলা সম্পাদক পরিতোষ দাশগুপ্ত , শ্রমিক নেতা চন্দন চক্রবর্তী প্রমূখ বক্তব্য রাখেন ।

---

অসম প্রিমিয়ার ক্লাব কাপ ক্রিকেট প্রতিযোগীতার মূল পর্বে হাইলাকান্দির ব্লাড মাউথ ক্লাব কোয়ালিফাই করেছে । হাইলাকান্দির নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজ জোনাল পর্যায়ের শেষ খেলায় ব্লাড মাউথ ক্লাব ২২৫ রানে শ্রীভূমি জেলার ইয়ুথ স্কোয়ার ক্লাবকে পরাজিত করে । আজ সকালে টসে জিতে প্রথমে ব্যাট করে ব্লাড মাউথ ক্লাব । তারা নির্ধারিত ৫০ ওভারে সাত উইকেট হারিয়ে ৪০০ রান সংগ্রহ করে । দলের হয়ে বরুনজ্যোতি মালাকার ৫৬ বলে ১১০ রান করেন । জবাবে ব্যাট করতে নেমে ইয়ুথ স্কোয়ার ক্লাব ৩১ ওভারে সব কটি উইকেট হারিয়ে কেবলমাত্র১৭৫ রান করতে সক্ষম হয় ।

---